চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

০৭ জুন ২০১৮খ্রি.

ছিদ্দিক রেজাওয়ানা ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম নগরীর মুনমুন কমিউনিটি সেন্টারে ছিদ্দিক রেজওয়ানা ফাউন্ডেশনের উদ্যোগে ৭ শতাধিক দুঃস্থ' নারী ও পুরুষের মাঝে ঈদবস্ত্র বিতরণ করা হয়। মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। তিনি দুঃস্থদের মাঝে ঈদবস্ত্র তুলে দেন। ৭ জুন ২০১৮ খ্রি. দুপুরে অনুষ্ঠিত ঈদবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ আওয়ামীযুবলীগ কেন্দ্রীয় প্রেসিডিয়াম সদস্য ছিদ্দিক রেজাওয়ানা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সৈয়দ মাহমুদুল হক। অনুষ্ঠানে ২৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সৈয়দ জাকারিয়া জকু, সাধারন সম্পাদক ও সাবেক কাউন্সিলর সিরাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. আসলাম, আওয়ামীলীগ নেতা তৈয়বুল আলম, মহানগর যুবলীগ নেতা সাইফুল ইসলাম পলাশ, ওয়ার্ড আওয়ামীযুবলীগের সাধারন সম্পাদক সামসুল আলম, আওয়ামীলীগ নেতা রফিক, স্বেচ্ছাসেবকলীগ নেতা মহসিন মোর্শেদ টিপু, যুবলীগ নেতা নুরুল আবছার, মো. শাহআলম, সাবেক ছাত্রলীগ নেতা ইয়াছির আরাফাত, যুবলীগ নেতা মো. জহিরুল ইসলাম, মো. আমির, ছাত্রনেতা মো. সোহেল, সাজ্জাদ আল জুয়েল, রবিউল হোসেন রবি, মো. সহিদুল করিম, আজিজুর রহমান সহ অন্যরা বক্তব্য রাখেন। ঈদবস্ত্র বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আওয়ামীলীগ অসহায়,দুঃস্থ ও নিরাশ্রয় মানুষের নিরাপদ ঠিকানা। এই সংগঠন ক্ষুধা দারিদ্র দুর করার জন্য এবং মানুষের ভাগ্য পরিবর্তনে জীবন বাজী রেখে কাজ করে। জননেত্রী শেখ হাসিনা সরকার পরিচালনার দায়িত্ব পাওয়ার পর থেকে অসহায়,দুঃস্থ ও নিরাশ্রয় মানুষের কল্যানে নানামুখি উদ্যোগ গ্রহণ করার কারনে বাংলাদেশের দরিদ্রের সংখ্যা কমে ২২ শতাংশে এসেছে। আশা করা যায় ২০২১ সনের মধ্যে এ সংখ্যা আরো অর্ধেকে নেমে আসবে। আ জ

ম নাছির উদ্দীন অসহায়,দুঃস্থ ও নিরাশ্রয় মানুষের ভাগ্য পরিবর্তনে তাদের সন্তানদের উপযুক্ত মানুষ হিসেবে গড়ে তোলার পরামর্শ দেন।

০৭ জুন ২০১৮খ্রি.

এ এম ছাত্তার ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে
মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

নগরীর ২৩ নং উত্তর পাঠানটুলী ওয়ার্ডের নাজির পাড়ায় এ এম ছাত্তার ফাউন্ডেশনের উদ্যোগে আবদুল মান্নান ফেরদৌস এর অর্থায়নে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে দুঃস্থদের মাঝে ঈদ বস্ত্র বিতরণ করা হয়। প্রায় ৫ শতাধিক দুঃস্থদের মাঝে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন ঈদবস্ত্র তুলে দেন। এ উপলক্ষে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন এ এম ছাত্তার ফাউন্ডেশনের সভাপতি আলহাজ্ব আবদুল মান্নান ফেরদৌস। ৭ জুন ২০১৮ খ্রি. দুপুরে অনুষ্ঠিত ঈদবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন।এছাড়াও বাংলাদেশ আওয়ামীযুবলীগের প্রেসিডিয়াম সদস্য সৈয়দ মাহমুদুল হক, কাউন্সিলর মোহাম্মদ জাবেদ, সাবেক কাউন্সিলর আলহাজ্ব এ এম এম জাফর, ২৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এম এ হান্নান, ২৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সৈয়দ জাকারিয়া ও আওয়ামীলীগ নেতা মীর আবদুর রহমান মামুন সহ অন্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন সমাজের সকল বিত্তবানদের দুঃস্থদের পাশে দাড়ানোর আহবান জানিয়ে বলেন, ধনিদের নিকট গরীবের হক রয়েছে। আল্লাহতায়ালা সৃষ্টির সেরা মানুষ একে অপরের কল্যাণে নিজেদের নিয়োজিত রাখার নির্দেশ দিয়েছেন।

০৭ জুন ২০১৮খ্রি.

চট্টগ্রাম কারাগারে বিদেশী বন্দিদের মাঝে ঈদবস্ত্র ও সামগ্রী বিতরণে মাননীয় মেয়র মহোদয়

বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের উদ্যোগে এবং যুব রেডক্রিসেন্ট চট্টগ্রাম এর সহযোগিতায় ৭ জুন ২০১৮ খ্রি. সকালে, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বিদেশী বন্দি নারী ও পুরুষ ৭০ জনের মাঝে ঈদ বস্ত্র ও ঈদ সামগ্রী বিতরণ করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র ও বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি ইউনিট এর চেয়ারম্যান আ জ ম নাছির উদ্দীন বন্দিদের হাতে ঈদ সামগ্রী ও বস্ত্র তুলে দেন। ঈদবস্ত্র বিতরণ উপলক্ষ্যে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের মিলনায়তনে সিনিয়র জেল সুপার ইকবাল কবির চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নানা কারনে বিদেশী বন্দিরা বাংলাদেশের কারাগারে বন্দি আছেন। তাদের দেখভালের জন্য আত্মীয় স্বজন কাছে নেই। কারা কর্তৃপক্ষই তাদের ভরসারস্থল। মানবিক বিবেচনায় বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিট বিদেশী বন্দিদের ঈদ উদযাপনের লক্ষ্যে বস্ত্র ও সামগ্রী দেয়া হলো। তিনি বলেন, বাংলাদেশ বিশ্বের সকল নাগরিকের নিরাপদ আশ্রয় কেন্দ্র এদেশে কোন নাগরিকের উপর অমানবিক আচরণ করা হয় না। নাগরিক সুবিধা শতভাগ নিশ্চিত করে সরকার কারাবন্দিদের দেখভাল করে। যা সভ্যতার ইতিহাসে উজ্জল দৃষ্টান্ত তিনি করাবন্দিদের অগ্রিম ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বাংলাদেশ রেডকিসেন্ট সোসাইাটি চট্টগ্রাম সিটি ইউনিট এর সাধারন সম্পাদক আবদুল জব্বার, জেলার সোহেল রানা বিশ্বাস, কারা পরিদর্শক আবদুল হান্নান, যুব রেডক্রিসেন্ট চট্টগ্রাম এর প্রধান ইসমাইল হক চৌধুরী ফয়সাল সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

০৭ জুন ২০১৮খ্রি.

সড়ক বাতির সুইচ অন-অফ এর ২য় গ্রুপে সম্মানী ভাতা বিতরণে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সড়ক বাতির সুইচ অন-অফ কাজে নিয়োজিত ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের মাঝে ২য় গ্রুপে সম্মানিভাতা বিতরণ করা হয়। এ ভাতার অর্থ প্রত্যেকের হাতে তুলে দেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ উপলক্ষে ৭ জুন ২০১৮ খ্রি. সকালে নগরভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে এ ভাতা বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চসিক নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। এতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী ঝুলন কুমার দাশ, সহকারী প্রকৌশলী রেজাউল বারী ভুঁইয়া, আবুল হাসেম, আনোয়ারুল হক চৌধুরী সহ বিদ্যুৎ বিভাগের দায়িত্বশীল কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ইমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের মাঝে সম্মানীভাতা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন ইসলাম বিরোধী কার্যক্রম সম্পর্কে তুলে ধরার জন্য ঈমাম, মোয়াজ্জিন ও পুরোহিতদের আহবান জনিয়ে বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন আালোকিত চট্টগ্রাম গড়ার প্রত্যয়ে নগরীর সর্বত্র এলইডি বাতি স্থাপন কার্যক্রম চালু করেছে। চলতি অর্থ বছরের মধ্যে এ কার্যক্রম সমাপ্ত হবে। ফলে বিদ্যুৎ সাশ্রয় হবে এবং অপরাধীরা আলোতে অপরাধে জড়াতে সাহস পাবে না। তিনি বলেন,নির্দিষ্ট সময়ে সড়ক বাতির সুইচ অন-অফ করে দায়িত্বপ্রাপ্ত সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে সহযোগিতার আহবান জানান।

৭ জুন ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

৭ জুন ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিষ্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে খুলশী থানাধীন জাকির হোসেন রোডের গ্রোসার সুপার সপে পণ্যের গায়ে উৎপাদনের তারিখ ও মেয়াদের তারিখ না থাকা, মেয়াদ উর্ত্তীণ পণ্য রাখা ও ধার্য্যকৃত মূল্য থেকে অধিক মূল্যে পণ্য বিক্রি করার দায়ে ভোক্তা অধিকার আইনে ১ লক্ষ টাকা এবং একই অভিযানে পাহাড়তলীস্থ ফুড প্লাজা রেস্টুরেন্টে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য সামগ্রী প্রস্তুত করার দায়ে এবং বিএসটিআই এর লাইসেন্স না করে পণ্যের গায়ে মানচিহ্ন ব্যবহার করার দায়ে ৫৭ হাজার টাকা সহ মোট ১ লক্ষ ৫৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে বিএসটিআই, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন